ne madai niha sowabala raja thani, madaikho, raja-proja meleng khe laphahi khrib bakhla gede thangre
Oded haphaiha masi gedeh wariyung jalangre. Boning Hayung Dubi. Rajani gididao rani Aphaidi eboh
dubi haning kha dukhujang thilanglare.

Majitham sotikaha Sukapha Ahom raji khabani bubliha gedeh dikhow dikhong nising nagaon
Kolong sosi, Dhansiri haphai, Hasao rajikhe laphahi Brahmaputra dakhin haphai sosi eboh haphai
gowar Kachari rajini bisingha thihhi Edward Gait rehpmiha rehpa. Ahom oded Kachari rajini sima
dikhow dikhong. Majitham sotika nising majido sosi Ahom oded Kachari raoni bisingha hatho hatho
jabaha magin jadini bisingha bakhaliba deba bakhaliba debyaba. 1531 sonha Ahomjang jayaba jaba
haning Ahomsarao Dimasa rajani buphuyung Detsungkhe suthaire. Odehjang Dima rajathani Dimapur
Detsungkhe raja songre. 1536 sonha Ahomjahng phin Dedsung nam jahi Ahomni yaoha detsung thihma
glaire. Odehjang Dimasarao Dimapur oded Dhansiri haphaikhe haigarhi maibangni Mahur dibuni
dirgungha gadain rajathani (Rajdhani) khaba. Majisini sotikani poilaha Dimasarao Nagaon Jila, Hawar
haphai, duhani Karbi Anglong jila oded Hasao raji haphaiha raji khahi dong laiba.

Jariminha rehpmi dongbalai thikhade 1721 oded 1736 sonha Harichandra Narayan oded
Kirtichandra Narayan bosu gni Dimaraji khahi dongba. Bosibuthu jarkhe Hirimba raja thihi mithi jaba
Ebo bubliha Ahom jang Dima raja nam jalaiphinba. Ahom rajiha jayaba nam oded "Moamoria" jabaha
proja melengrao dukho jama graokhe baohi ahom rajini gabang maomoria oded Ahom proja meleng
Dima rajiha hap phaiba. Bo proja meleng thukhe haphinne Ahom raja Komoleswar Singha rajane
graohma haihare thikhabo Dima raja boh graokhe mathaoya jare. Odehjang Ahom oded Dimasarao
jaba jare. Ebo jaba 1803 sonni nising 1803 son sosi soliba. Jabaha Ahom ning debase thikhabo Dimaraji
haning dijen haphaiha nohlai khahi dongsore. Bo bubliha Dima rajiha nohren khahi dongyarao Ahom
rajini proja melengraoni sah-sik dinibo Howraghat, Bokolia, Raja Pather, Selabor oded gibin gibin
haphaiha dong.

Harichandra Narayan ni yahonha Lakshmi Narayan oded boni yahonha Krishna Chandra
Narayan yahonha boni buphuyung Gobinda Chandra Khashpurni raja dongba. Boni bublihaning Momni

pharai Kasichandra jar Dimarajini raja jamane bising bising jang baolayaba graohkhe raja mithilare. Kashi Chandrakhe raja Krishna Chandra Langkhang-Dijen haphaikhe jebhi Hasao haphaini Dimasa proja meleng nising rang suguyaba hoja (Tax Collector Officer) songba. 1831 sonha Krishna Chandra thiba jang Kashi Chandra rang -rih suguyaba haphaikhe laphahi jarkhe raja thihhi khana rire. Kashichandra Hasao Haphaiha masi basasa raji khare thikhabo boh raji buthu budu glao dongyakha. Gobinda Chandra jadi-jadi budi halaijang Kashi Chandra khe sthaire.

Kasichandra thibani yahonha boni basa Gobinda Chandrani senapati Tularam jami raji nising khaihi thangdada bophani dolni subung buthu jang lugu jahi Gobinda Chandra ni Khamthanikhe sema baore. Odejang Gobinda Chandra Tularam jenyaba jabakhe sajam phuyare. Ejang raji hari Manipur raji habo rajani khamthanikhe lahi Marjit Singha odeh Saorajit Singha jang nam jare odeh Marjit Singha Rajani khamthaniha khamre. Saorajit Singha khaihi thangdada Dima raji ha haphaire. Dima raja Gobinda Chandra nising juruma sainbani bubliha Manipurini raja Marjit Singha Dimarajikhe sema naire thikhabo jabaha Marjit Singha deyare. 1818-19 sonha Maan sipaiyarao Manipurkhe selabani bubliha Marjit Singha, buphuyung Gambhir Singha odeh Saorajit Singha lugu jadada Gobinda Chandrani Cachar rajikhe selaba. Gobinda Chandra khailanghi guphu saraoni (British) jorumah sainre. Thikhabo Guphusa odeh East India Companyni jurumah maiyabala Maan saraoni juruma sainre. Ejang Maan sipaiyarao 1824 sonha Cachar rajikhe gajibma baobakhe mithihi Guphusarao Maanjang jaba jare odeh jabaha Guphusarao Maankhe Cachar raji nising rikhlare. Tularambo eboh projarao ning Maansarao jahng khaphlung khahi Cachar khe maiphinmane baore thikhabo baobalilai khusi jayakha. Ejang Raja Gobinda Chandra jami rajikhe East India Company salaiyaba Guphusani raji jang jebphamane agidi khalalibala Gobinda Chandra ni Dima raji Cacharkhe Companynini bakhlaha dongyaba raji hisabjang lahare. Eboh jarimin ganang rebtho mathaore 1824 sonni 6 march khali.

Gobinda Chandra ni Cachar raji Gupgusaraoni bakhlaha dongyaba raji hisapjang solih dongbani maithaibri yahonha Tularam Senapati bohni hainkho sini buphuyung galai yaba Gobinda Ramkhe senapotini bobainng rihi raja Gobinda Chandra jang jaba khongsini bosong jamane haihare. Jbaha Gobinda Chandra deyare thikhabo senapati Gobinda ram jaba deyayaba raja Gobinda Chandra jang ning gabare. Buphuyungni elaiba jathaikhe raojaohi Tularam Senapati Jayantia rajani jurumajang Gobindda ram deyalangbure. Thikhabo boh phin raja Gobinda Chandrani jurumajang Tularam jangse jaba jamane salaire. Olaiabaha East India Company Agent David Scott Cachar rajikhe magni raji hisapjang ronphairire odeh Mahur sosi simana-hari ridada Hasao haphai odeh Phana haphai Tularamne yaophare. Elaining johmsi Cachar raji Gobinda Chandra odeh Tularam Senapati bisingha gejer gejer ronphaini dongbani bubliha 1830 sonha Gobinda Chandra sereba hagra saraoni yaoha thire. Odejang Dima rajini masi bojohmkhe serene hodaima bokhe lahi masi bera baigore. Raja Gobinda Chandrani saosibo sa-sik gri. Odebani Dima rajini raja hisapjang khamma baoba- Gobinda Chandrani rani Induprava. Tularam Senapati odeh rani Indupravani buphuyung Gambhir Singha. Tularam senapati jar baolaiyaba grao jakha- Hasamsa bongsoni sagangha sere rajbongo Dima raji ni jalangkha boh rajbongsoni basaning jakha - Tularam. Odebani Tularam Dimaraji ni raja jamane hog dong. Thikhabo Guphusa rao Tularam khe raja songyahi 1832 sonha khrib Dima raji Guphusa rajiha jebphare. Odejang Tularam Senapati jarkhe Dima Raja thihi thilaba graokhe sugu layabani grao jang Guphusarao khrib gedeh naisohi baosohi Tularam jang masi graotho mathaolaire odeh ebo graothoha Tularam Senapati rajini sersigiding simana-hari mathaore - sainja gede Dhonsiri dikhong, saingiroba gede Diyung dikhong, Uttar gede Dijen dikhong odeh dakhin gede Mahur dikhong odeh magan raji Graotho laiminha Tularam Senapoi Guphusa nising daingsiha rangjang 50 hisapjang pension mailaba. Tularam senapotini rajathani dongba duhani Phana jilani 'Kasomari' ha. Senapati ni gni basa Nakulram Odeh Brishnath. Bohsi gni khasi-musi jang donglaiba gri thikhabo 1844 sonha Tularam Dima rajikhe gni basani bisingha gejer gejer ronphaiha yawaine hodaiba. Odeh jang Brishnath samaj gabai khushi-habakhe dangbakhe nuhi Tulkaram senapati kha dukhu maidada 1850 sonni 12 ctober khali hamba basain Gathar bohorha Dimasa bir thihi madai jahi thanglare. Odeh lugu-lugu rijang jang Gabang maithai saindali jana lai jnahi dongyaba Dima rajini jamtha thawpharibo jingya jalangkha.....

Dr. Saradananda Debogowami, Oitithasik potobhumit Hojai, Buphin - 107

· -*****- ·

26th February DLM Basain

L.K. Nunisa
Sainza Raji, Haflong.

Engraji 1999 maithai khali
26th February, sain majang sainkhali,
Nagaon district ni Kumrakata ha,
Assam ni hah gejer hathani ha;
Dimasa Lairidim Mel khajenba,
Dimasa Sahitya Sabha khajenba
Ebo basain, basain gathar
Kribbo baigolai, sao-mangathar,
Porong Lairidim Sindai Sugulai,
Sindai majang gathar khe klimlai
Lairidim rjabthai rjablai
Lairidim habah ke Sainlai
Lairidim se subung ke masaba.
Lairidim se jadi ke graosi jariba.
Lairidim se jadini kharimin mtaoba.
Lairidim se jadini jarimin mtaoba
Lairidim se rjabthai majang daoriba.
Lairidim se murithai majang daoriba.
Lairidim se daradisa hamdaoriba.
Lairidim se Somaj khe majangdaoriba
Lairidim se dangba jiba ringriba
Lairidim se khoromon dhoromon hamriba
Phai Mahni graojang lairidim rebnang.
School College ha phuri-rinang.
Phai Mahni graojang Lairidim phainang.
University ha phuri-rinang.
Lairidim ridimrihi jadi khe majangrinang.
Lairidim ridimrihi jadi khe janarinang.

MAHNIGRAO

Lankeswar Nunisa
Ex-Office Secretary (CEC)
Dimasa Lairidim Mel
Sainza Raji, Haflong

Mahni graoh, Graoh majang
Mahni jadi, jadi majang;
Mahni Grao, Graoh gidi
Mahni khurang, khurang gidi;
Mahni graohjang khapari graothai
Mahni graohjang graohkhani graothai
Ortho thuba jaya - jasisi.
Belep nangba gaya gasii.
Hadam guphu dangkhabo,
Mainu gisim dukhabo
Mahni graojang rebnangmu
Mahni graohjang phainangmu
Mahni graohjang purinangmu
Mahni graohjang School, College purinangmu
Mahni graohjang kharimin
Mahni graohjang jarimin
Khanaya khanathao sisi
Puriya Purithao sisi
Mahni graohjang rajabthai
Mahni graohjang murithai.
Khajasisi khabaisisi.
Khanathaosisi baithaosisi.
Mahni graohjang nana ni graothai
Mahni graohjang nana tilikthai
Khamao habba laiya laithaothao
Thuma mijingya mijingthaothao
Mahni graohjang grathai
mahi graohjang pholathai
Khanahi jirik-khao, grathao-thao.
Khanahi graba thaola thao thao
Mahni graohjang sibringthai
Mahni graohjang sol graothai
Khanahi grikya grik thao thao.
khanahi maya nangya nangthao thao
Mahni graohjang Sari thai
Mahni graohjang Srab-rithai
Sarithai nangya nangthaothao.

Srab nangya nangthaothao.
 Mahni graohjang mdaini khusi ha sao-gothai
 mahni graohjang mih-gurthai
 Pap goya gothathao.
 Dhormo maiya maithaothao.
 Mahnigraohjng hairingba
 Mahni graohjang buthujang haoba.
 Lengma goya gothaothao
 Graohsi jaya jathaothao.
 Mahni graohjahng mdai biba
 Mahni graohjang mdai jirikba
 M dai paiya phaithaoithao.
 yaoblai maiya maithaothao
 Mahni graohjang bra-riba
 Mahni graohjang bashiba
 Bra Maiya maithaothao
 Hamba jaya jathaothao
 Mahni graohjang rehplai phailai.
 Mahni graokhe hadailai.
 Juthai.

--*****--

SBRINGTHAI THAIRILI

Smti. Sharmita Bodo (Kemprai)
 Gadain Raji, Halong

Ansarao, Ansarao, Porikhoha Thanglainang,
 Hambah, Hambah, Graothai Mainang,
 Ringbah, Ringbah, Budhi Mainang,
 Ansarao, Ansarao, Porikhoha Thanglainang,

Laishi Porihi, ringnang griknang,
 Hathanike hambah bumu sugunang,
 Jadikhe ringbah bumu klainang
 Ansarao, Ansarao, Porikhoha Thlainang,

Laishi ringkase, bol bangre-
 Bol bangkase, budhi maire,
 Budhi dongkase, Bumu maire,
 Ansarao, Ansarao, Porikhoha Thlainang,

Ringmah Jange raji mataopuma,
 Budhi jangshe Subungke lonripuma,
 majangmah jangshe' Muluke' pagaipuma,
 Ansarao Ansarao, Porikhoha Thlainang,

Ringhisening jayakho, grikma nangdukho,
 Grikka tikase, mlaike mairikma,
 mlaike Nuhise jarke waisoma,
 Ansarao, Ansarao, Porikhoha Thlainang.

--*****--

SARILAMAH

Dhaneswar Bathari,
 Haflong.

Nohlaihabo sarilamah janaikha,
 Hajik kroha dain baigonaikha.
 Barsrah gasaindiksik sip'naikha,
 Khim marmi bahai baigonaikha.
 Phadainha thang'yarao sophainaikha,
 Nagarao khamding'ha khamlainaikha.
 Busude duning sophainang thilainaidu,
 Minisithane hamdaohi jima baolainaidu.
 Mathlarao leng'goba maiya baonaidu,
 Horha mai suba yauwai thailaima glaidu.
 Mai suyabaha nagarao phaidei baonaidu,
 Mai sublaihi digarhima nangjaonaidu.
 Nohsing'ha ahmai mkam song'naidu,
 Snadikhe samlai songma baobainaidu.
 Ahbai hagap'phang'ha khamnaidu,
 Sgang'ha sa bati deng'naidu.
 Dmah grok grok srop'naidu,
 Hadam'la bedeha jama baobainaidu.
 Baoji nanah bamhi mkam song'naidu,
 Nanah jang esisi jajaonaidu krain'naidu.
 Ahda noh hariha khambaihinaidu,
 Nanah radaoyabakhe langphanaidu.
 Ansarao rondaha mlaolainaidu,
 Buthu jang dainkhe nailainaidu.

Yausi ehhi dainkhe

pnuhanaidu,

Ohde buthujang thilainaidu.

Oh dain! Oh dain!

Mam labudei,

Daodi labudei.

Mam amma,

Daodi amma.

Noh hariha maiju rujinaidu,
 Barbaijang maiju bahai baigonaidu.
 Nohlaihabo sarilamah janaikha,
 Hajik kroha dain baigonaikha.
 Brasrah gasaindikdik sip'naikha,
 Khim marmi bahai baigonaikha.

--*****--

IRRIGATION DEPARTMENT::: DIMA HASA

Irrigation Department in Dima Hasao District is functioning with a motive to supply irrigation water to the paddy fields even to the remotest area of this hills District to help farmers in modern way of cultivation. Although the cultivators of this District are accustomed to Jhum Cultivation, the tendency of Jhum Cultivation has been decreased due to providing irrigation schemes by the way of modern Irrigation system in this district and thrust for wet cultivation through irrigation has been increased day by day amount them. The Department consists of two Nos. of Divisions namely 1) South N.C. Hills Division (Irrigation), Haflong and 2) North N.C. Hills Division (Irrigation), Maibang with a total of 05 Nos. of Sub-Divisions including 01 No. of Mechanical Sub-Division irrigation. The Irrigation Department in the District has already been created an approximate potential of 7600 Hect. through Flow and Lift Minor Irrigation Schemes in the different areas of the District. Every year new schemes are taken up on priority basis to provide irrigation facilities to the village cultivators who are solely dependent to agriculture, so that their economic conditions are improved by increasing their agricultural yields through modern way of cultivation with the advantage of irrigation facilities. The Department has taken up schemes of central funding schemes like AIPB, NLCPR etc through which local cultivators benefited into great extent.

During this current financial year of 2015-16, minor irrigation schemes has been proposed both under HADP and State Plan within the Budgetary allocation of fund to provide irrigation facilities to the cultivators in different areas of the District with a target to create additional irrigation potential of 300 Hects. for utilization during kharif season of 2015-16.

Sd/-
Executive Engineer
South N.C. Hills Division (Irrigation)
Haflong

RAHDAOYA PHUDAOYA

*Dhameswar Bathari,
Haflong.*

Phadain hagong dangdusi,
Nohlaiha busu jilaidusi.
Phonthosa yauphalaidusi,
Khalaisa renlaidusi.
Naiphalaihi khamlai,
Rjab hagong rjab' lai.
Mjangdi ahjang ningde rahdaoya,
Mjangdao dada ningbo phudaoya.
Bisilai dang' ne jine joban kalaikha,
Bisilai daone gain' ne grao rilaiikha.
Dang' hi mai rbam songma thilaikha,
Daohi rih khailim songma baolaikha.
Mjangdao dada bathosalai
khuh gjao,
Miyasa jabodu kha muh gabangdao.
Mjangdi ahjang yahsugu githidi,
Grao gerem gdao johbaidi.
Kha magni jang masi jadaolaiya,
Saosi jang saosi londaolaiya.
Grao gederlaibaning thaulaiya,
Knayaroo phonthosa dihi knahalaiya.
Hulaosalai hah gaya dengma thilai,
Alusalai sain nangya deng' ne grao rilai.
Mjangdi ahjangbo grao gerem gdao jo,
Ohdese knayaraobo thilaima jakhadao.
Naga mathla jabakhe wainsohama,
Phanthau khari songbalai kha glimah.
Mjangdao dada assam thuru thangdaoya,
Mjangdi ahjang khening blaophuya.
Gni jang thairesao gasmaima thilai,
Grao jang grao dukhalai geremlai.
Phadain hagong dangdusi,
Nohlaiha busu jilaidusi.
Phonthosa yauphalaidusi,
Khalaisa renlaidusi.
Naiphalaihi khamlaidusi,
Rjab hagong rjab' laidusi.
Mjangdi ahjang ningde rahdaoya,
Mjangdao dada ningde phudaoya.

--*****--

'KHADEHMAH'

Surya Thakur

Hading banarha
Hagrah bithip-bonggraling
Dongbakhe nuhaya,
Hading judao gakhuhi
Nangiaoya naihama -
Jajaodu bokhening gajain,
Donghibo gabasi.

Mithiphuya-
Danang ni graoju,
Baohaphuya-
Yahonni 'makhading ul'.

Sgangyaroo lailangnang
Yahon rikyaroo gmang-giji jabunang,
'Dinide hogang-gergang,
Dakhnade dusa dingdang.'
Dakhnani yahon rikyaroo-
Bomani hadubu yageng haning
Miyungsa jorosong thaobalai jajaonang.

Bakho-bobain ajao ginyaroo
Ringkhring-grikkhring jalairao,
'Agursa muh-naiya sikhairing' Jahi
Jadini Khrong raokhine
'Jadini derphnai' mathaone
Kolomsa dihi sagangla
Laisisa khephi baothaila.

Jalai derik phaibunang,
Laishisa khebhi phaibunang
Kholomsa dihi rephbonang,
Dophaya grao khe
Bosi mairong singnangya.

'**Makhading ul**': Asaba jadi phaiso phrang phuyaba, lama gmahi thaoyaba jathai. '**Dinide hogang-gergang, Dakhnade dusa dingdang**': Dinide dangyahi, dukhu jayahi thaoba thaoba maijibani dongthaojaodu, danangde boni khlaithining dukhu maisingmakhe khaphari jang thiba.'

'**Agursa muh-naiya sikhiring**': Ansa-jalai haning hathani gathaisiha donghi braha sumo jadu, danang bedehe jalaphure bokhe mithiphuyaba. **Mairong singnangya**: Asaba grao ni basaoha Lonang niya '**Jadini derphnai**': sahitya, literature.

--*****--

Good Act

Shri. Ringpendra Numisa
Treasurer,
Dimasa Sahitya Sabha
Central Committee, Haflong

That act is good which is in accordance with the divine principle of morality.
That act is good which is in accordance with the social code of moral conduct.
That act is good for which act we need not have to repent later on.
That act is good which brings u joy and peace.
That act is good which I done for the sake of love and truth.
That food is good which promote our health and gives us strength and longevity.
That work is good which brings peace, prosperity, happiness and development.
That work is good which bring us unity love and undrtanding.
Qny work done for the well being of the whole society I always good.
That word is good which inspires us for good job.
That thought is good which increase our morality.
That act is always goos which is done a own moral duty.

GEDEMA SAOSI DONGBA JINI RAZI HA

Ringpendra Numisa
Gdain Razi, Haflong.

Gedema Saosi dongba jinni Gdain-razi ha,
Wainsoladu ang gedemani daobudi, dangbudi ringbudi khe,
Bichar hamba, bichar klairiba gedema dongbaha,
Jini razi gede-razi, gowar-razi jhon bangba khaja sisi,
Gedema dongbani sainkhali miliba kripjang kasi, musi,
Gedemani Saogari, gedemani mangari griky griktao-tao, ringya ringtao-tao.
Gedemani bichar ha dongbasi gedeh kaseh krip baosise,
Melma melsa kham khabo, bichar, hachar jakabo gedemani bichar ning jadao ba,
Gedema dongba jihni raji ha thonga ponglai, mrimdinglai kripni klaihi.
Wainsoladu ang gedehmani daobudi dangbudi ringbudi khe dini ha.

---*****---

ইতিহাসের প্রেক্ষাপটে ডিমাসা সাহিত্য

ড. সুদীপ্তা খেরসা

উপরুক্ত বিষয়টি আলোচনা করার পূর্বে লোকসাহিত্য সম্বন্ধে কিছু বক্তব্য রয়েছে। লোকসাহিত্যের বিভিন্ন বিভাগগুলি হচ্ছে প্রবাদ, ছড়া, ধাঁধা, লোককথা, লোকসঙ্গীত, গীতিকা, লোকনৃত্য ও লোকপুরাণ। এগুলো সবই জীবনস্রোতাপ্রায়ী। অনেকে মনে করেন লোকসাহিত্যের ক্ষেত্রে ছড়ার আবির্ভাবই প্রথম ঘটে। কারণ মানুষের স্বাভাবিক প্রবণতা হচ্ছে, নিজের আবেগকে ছন্দোবদ্ধভাবে সুন্দর করে প্রকাশ করা। আবার অনেকের ধারণা এরও আগে মানুষের মধ্যে মিথ (Myth) প্রচলিত ছিল। মিথ যা তৈরি হয় মানুষের মনে এবং মুখে মুখে তা চলে আসে। এতে থাকে প্রাচীনতম মানুষের ধর্মবিশ্বাস এবং অলৌকিক কাহিনি। আজকাল লোকপুরাণ শব্দটি মিথ এর প্রতিশব্দ হিসেবে ব্যবহৃত হয়। কিন্তু মিথ আসলে পুরাণ নয়। মিথ পুরোপুরি মৌখিক, আর পুরাণ হচ্ছে লিখিত সাহিত্য। ড. বরুণ কুমার চক্রবর্তী লোকপুরাণ সম্বন্ধে ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন – “দৃষ্টিগ্রাহ্য বস্তু জগতের সৃষ্টি সম্পর্কিত গদ্যে রচিত মৌখিক ঐতিহ্যপ্রায়ী কাহিনীই হলো লোকপুরাণ। নিছক বাস্তব বিরহিত পুরাকালের কিছু অলৌকিক কাহিনী হলেই তা লোকপুরাণের স্বীকৃতি লাভ করে না।”

৩ মিথ ও লোকপুরাণ রচয়িতারা আমাদের কাছে অজ্ঞাত। লোকপুরাণের প্রবর্তন ঠিক কবে হয়েছিল তা জানা না গেলেও গবেষকরা অনুমান করেন যে খ্রিঃ পূর্ব ৭৫০০-৫৫০০ তে এর প্রবর্তন হয়েছিল। এই সময়টিকে প্রোটো নিওলিথিক যুগ বলা হয়। এই সময় মানব সভ্যতা শিকার করে খাদ্য সংগ্রহের পর্যায়ে থেকে পশুপালনের স্তরে এসে পৌঁছেছিল এবং


ধীরে ধীরে তারা তখন কৃমিসভাতার দিকে এগোচ্ছে। তখন থেকেই শক্তিশালী প্রাকৃতিক
 প্রকাশ যেমন - জল, আগুন, বজ্রবিদ্যুৎ, বাত ইত্যাদি নিয়ে গল্পকথাও শুরু হয়ে গেল।
 প্রকৃতভবিদরা আফ্রিকা, গুবিস, হাওয়াই প্রভৃতি অঞ্চলে থেকে নানা নমুনা সংগ্রহ করে
 স্ত্রী মূর্তির পরিকল্পনা, যেমন (x), বিন্দু সমন্বিত গোলচিহ্ন ০, বিন্দু সমন্বিত (x) ইত্যাদি
 থেকে আমরা বুঝতে পারি যে মানব সভাতার একটি নির্দিষ্ট কল্পনা বা ভাবনা অনুসরণ করে
 আবার নিওলিথিক যুগে (খ্রিঃ পূঃ ৪০০০) কৃমিসভাতার শুরু থেকে নানা পূজা জাতীয় অনুষ্ঠান
 বা ক্রিয়া আরাধ্য হয়েছে। এসব অনুষ্ঠানের মূলে লোকপুরাণের অস্তিত্ব বর্তমান, তা অস্বীকার
 প্রমাণিত সত্য। এর মধ্যে আমরা খুঁজে পাই এক বিশ্বজনীন মানসিক আবেদন। লোকপুরাণের
 প্রকৃত পরিচয় দিতে গিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কবিতার পংক্তি উল্লেখ করা যেতে পারে -
 -পিতামহদের কাহিনী লিখেছ মজ্জায় নিশাইয়া। 'এটাই সত্য, পিতামহ বা আনামহ
 আদিপুরুষের কাহিনী মজ্জায় মিশে গিয়ে সৃষ্টি হয় লোকপুরাণ, শুধু লোকপুরাণ নয়, তা
 বলবো আমাদের প্রাচীন বিভিন্ন গল্প গাঁথা, ছড়া, প্রবাদ কিংবা লোকগান-নৃত্য ইত্যাদি।
 আমরা বহন করে চলেছি আনামহদের আদিপুরুষের ইতিহাস ও সংস্কৃতি। এবং এটি এক
 বিশেষ সংস্কৃতি বলয়ের অন্তর্গত মানুষের ঐতিহাসিক জ্ঞান ও বিশ্বাস। এসবের মধ্যে প্রাচীন
 সংস্কারবোধ বস্তু সম্পর্কিত ধারণা এবং অধ্যাত্ম চিন্তার সংহত একটি প্রতিফলন ঘটে
 কাহিনীগুলি দেবতা সম্পর্কিত হতেও পারে কিংবা নাও হতে পারে, তবে এগুলিকে পরিকল্পনা
 বলেই মনে করা হয়। সুতরাং এগুলোর সঙ্গে 'রিভিজিয়ান' ও 'রিচুয়াল' এর ঘনিষ্ঠ সম্পর্ক
 হয়ে যায়।

আমরা যদি পিছনে ফিরে তাকাই তাহলে দেখবো, বৈজ্ঞানিক যুক্তির অপবতুলতায় প্রাচীন
 মানুষ প্রাকৃতিক ঘটনাকে দৈবশক্তি মনে করে তাকে সন্তুষ্ট রাখার জন্য বিভিন্ন দৈব পুরাণে
 জন্ম দিয়েছে। আবার, কখনও প্রাগৈতিহাসিক কালে মানুষ তার আদিপুরুষ বা পুত্রপিতামহকে
 বীরত্ব অভিযান নিয়ে কাহিনী শনেছে, কনিষ্ঠদের শুনিয়েছে। এভাবেই গড়ে উঠেছে তাদের
 কাহিনী ওবং তা যুগ-যুগান্তরে প্রবাহিত হচ্ছে। ফলে তথাকথিত বীরপুরুষরাও আনামহ
 কাছে দেবতা হয়ে গেছেন। সময়ের আবর্তে সত্য ঘটনার সঙ্কে কল্পনাও মিশে একাকার হতে
 গেছে। ইলিয়াড, ওডিসি, রামায়ণ, মহাভারতের ঐতিহাসিক চরিত্রগুলোর সত্যতা থাকলেও
 কালক্রমে তা নানা রঙে মিশে গিয়ে ঈশ্বরত্ব পোঁছেছে। তাই সূর্য, আগুন, জল, ভূমিকম্প
 আদি সবই দেবতায় পরিণত হয়েছে। তার বীরেরা মানব থেকে মহামানবে রূপান্তরিত হলে
 দেবতার আসনে পূজিত হয়েছেন যেমন রাম ও কৃষ্ণ ইত্যাদি।

আসল কথা প্রকৃত শক্তিকে ভয় পেয়ে আদিম মানব পূজা করেছে, তা থেকেই দেবতা বিবর্তন
 ধারণার উৎপত্তি।

কাল্পনিক দেবতাদের সন্তুষ্ট করার জন্য নানা অনুষ্ঠান বা ক্রিয়াদি, ধর্মের লৌকিক দিক ফের
 পূজা, জাতীয় অনুষ্ঠান বলিপ্রথা, বিভিন্ন উপাচার তথা মন্ত্রপাঠ ইত্যাদি প্রচলিত হয়েছে।
 আবহমান কাল ধরে আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের ধারক ও বাহক রূপে তিহিত হয়ে আসছে
 কোন জাতিগোষ্ঠীর প্রাচীন ইতিহাস জানতে হলে তাদের সমাজে প্রচলিত বিভিন্ন সাংস্কৃতিক
 সামাজিক ও ধর্মীয় পরম্পরা ধরে এগিয়ে গেলেও সমস্ত জানা যায়

আমাদের প্রাচীন লোকপুরাণের জন্ম এবং কাঠামো কিভাবে গঠিত হয়েছে তা
 লোকসংস্কৃতির গবেষক লেভিস্ট্রাস একতি রেখাচিত্রের সাহায্যে সহজভাবে দেখিয়েছেন,



↓
মৃত্যু ও অমৃততত্ত্বের সম্বন্ধ
↓
জড়া বার্ধক্ষ্য রূগের মূল তত্ত্ব
↓
মৃত্যু বিষয়ক ধারণা ।

আমার লেখার বিষয় যদিও ডিমাসা লোকসাহিত্যের প্রাচীন প্রবাদ ও ছড়ায় ডিমাসাদের ঐতিহাসিক উপাদানের সন্ধান তবুও আমার মনে হয়, এর পূর্বে ডিমাসাদের লোকপুরাণ বা কিংবদন্তি কিছুটা আলোচনা করা আবশ্যিক । কারণ প্রাচীন জাতি গোষ্ঠী ডিমাসাদের পুরনো ঐতিহ্য, সংস্কৃতি এবং সমাজ সংগঠনের মূল আশ্রয় এই লোকপুরাণ ।

এই লোকপুরাণের মতে, আদিপিতা বাংলারাজা (ভূমিকম্পের দেবতা) এবং আদিমাতা আরিখিডিমা (বৃহৎকায় সোনালি ঈগল পাখি) । এই দুই মানব-মানবী সন্তান জন্ম দেওয়ার জন্য স্বর্গতুল্য মনোরম জায়গা ডিলাওরা ও সাস্পীরা কে মনোনীত করলো । এই নির্মল ও শান্ত জায়গাটির সুন্দর্য ডিমাসাতে এভাবে বর্ণনা রয়েছে -

‘ডিলাওরা ও সাস্পীরা হাজেং মগষ্ঠী, হাজেং মাইলাঙ্গী, ডবোং ফুলিলী খাসাই জাওলিলি, ফাপ দেশারী, ফাপ ফাংশারী, ইয়াদের খরমাইডিক, বশো ডামালী, মিরিজিং গিথিমরে, দাওরিজিং গিথিমরে, মেলমা খাময়া খামথাওথাও, মেলসা খাময়া খামথাওথাও ।’ উল্লেখিত মনোরম জায়গাটি ডিমাসাদের আদি বাসভূমির পরিচয় বহন করে । ডিলাওরা ও সাস্পীরা স্থানটি নিয়ে সোনারাম থাওসেন বলেছেন -

‘ডালাওরা নিয়া, ডিলাওরাসে, ডিলাও ব্রহ্মপুত্রখে থিবা আর সাস্পী থিহি দুহাবো ডং শিবসাগর শহরনি মেলডোলাই উত্তরহা । ডিলাও ডিসাস্পীনি ডিরানিং ডিলাওরা সাস্পীরা, শিবসাগর নিফাং মেলজিগিনিলাই জাই ডু ।’

অর্থাৎ ডালাওরানয়, ব্রহ্মপুত্রকেই ডিলাও বলে এবং সাস্পী বা ডিসাস্পী বলে একনদী এখনও আছে যা শিবসাগর শহরের ছয়মাইল উত্তরে অবস্থিত । ডিলাও ডিসাস্পীর সংগম স্থলই হচ্ছে ‘ডিলাওরা-সাস্পীরা’, শিবসাগর থেকে (বারো) মাইল দূরে অবস্থিত ।

ডিমাসাদের লোকপুরাণে উল্লেখিত ঐতিহাসিক স্থানটি ডিমাসাদের প্রব্রজনের সাক্ষ্য বহন করে । তাছাড়া এই প্রাচীন লোকপুরাণ অনুসারে আরিখিডিমার সাতটি ডিম থেকে ডিমাসাদের আরাধ্য দেবতা শিব সহ আরও পাঁচ দেবতা এবং বিভিন্ন অপদেবতার জন্ম তথা তাদের পূজা বিধি, তুষ্টিবিধান, ধর্মীয় আচারও সে অনুসারেই এখনও প্রচলিত । এখানে লক্ষণীয় বিষয় যে, ছয়টি ডিম থেকে বিভিন্ন দেবতার জন্ম এবং সপ্তম সংখ্যক ডিম থেকে অপদেবতাদের জন্ম হলেও কোন দেবীর জন্ম কেহিনিতে উল্লেখ নেই । যা হোক সেটা নিয়ে আলাদাভাবে আলোচনার দাবি রাখে ।

কাহিনিটির সূত্র ধরে বলা যায় ডিমাসাদের প্রাচীন ঐতিহ্য ও সংস্কৃতি এবং ধর্মীয় আচরণের বেশিরভাগ এই সৃষ্টিবিষয়ক লোকপুরাণের উপর দাঁড়িয়ে আছে । এর কিছু উদাহরণ যেমন, ডিম থেকে দেবতাদের জন্ম তাই ডিম ডিমাসাদের কাছে পবিত্র, বিভিন্ন অনুষ্ঠান অর্থাৎ পূজা বিধি, জন্ম-মৃত্যু-বিবাহে ডিমের ব্যবহার ডিমাসারা করে থাকেন । এছাড়া সপ্তম সংখ্যার ব্যবহারও ডিমাসাদের কাছে মঙ্গলকারক । আদিপুরুষ বা পূর্বপুরুষ দেবতাদের উদ্দেশ্যে প্রার্থনা কালে এক থেকে সাত পর্যন্ত সংখ্যা গণনা করা হয়, যেমন - ‘সে - গ্নি - গ্ঠাম - ব্রি - বোয়া - ডো - স্নি ।’ লোকপুরাণ অনুসারে আদিদেব বা শিবের আদেশানুসারে অপদেবতাদের বিভিন্ন পর্বত-গুহা-বিল-কন্দরে আশ্রয় নিতে হয়েছিল । তাই ডিমাসারা ঘরে দেবতাদের পূজা করলেও অপদেবতাদের পূজা ও তুষ্টিবিধান লোকালয় ছেড়ে দূরে গিয়ে সমাপন করেন ।

সুতরাং এই সৃষ্টিবিষয়ক লোকপুরাণই ডিমাসাদের প্রাচীন ঐতিহ্যের ধারক ও বাহক । এই পুরাকাহনিকে ছেড়ে দিয়ে ডিমাসাদের প্রাচীন ইতিহাস এবং সংস্কৃতি অনুসন্ধান যথার্থ হবে না । আজও ডিমাসারা এই প্রাচীন অস্তিত্বকে অথবা বলা যায় মূল শিকড়কে প্রাণপণে ধরে রাখার যেষ্টা করছে ।

ডিমাসাদের লোককথা এবং বিভিন্ন প্রবাদেও আমরা তৎকালীন সমাজ ও সংস্কৃতির উপাদান খুঁজে পাই । এসব আলোচনায় যাওয়ার পূর্বে প্রথমে জেনে নেবো এসব গল্পগুলোর মূলে কি বোধ কাজ করছে এবং কেন ? গল্পগুলো কিংবা প্রবাদগুলো সৃষ্টির মধ্যে মোটিফ (motif) কি ছিল ?

লোককথার মেজাজ ও চরিত্র বিচার করলে দেখা যাবে যে, এক একটি লোককথায় এক একটি টাইপ বা বৈশিষ্ট্য থাকে। একটি লোক কথা সরল কিংবা জটিলও হতে পারে। কিন্তু কথক যখন লোককথা বলেন তখন একটি স্বতন্ত্র মেজাজ ও সম্পূর্ণ নিরপেক্ষ পথ অবলম্বন করেন। এটাই হচ্ছে লোককথার টাইপ (type)। প্রত্যেকটি সমাজের সামাজিক বিন্যাস টাইপকে নিয়ন্ত্রণ করে। লোকসংস্কৃতির গবেষকদের মতে লোককথা বিশ্লেষণের ক্ষেত্রে সবচেয়ে প্রাচীন পদ্ধতি হচ্ছে ঔতিহাসিক ও ভৌগোলিক পদ্ধতি যার পথ ধরে দেখা যায় টাইপ ইনডেকস এবং পরবর্তীতে মোটিফ ইন্ডেকস। লোকসংস্কৃতিবিদরা লোককথাগুলো বিভিন্ন ভাগে ভাগ করেছেন, যেমন - পশুকথা, রূপকথা, পরীকথা, কিংবদন্তী, ইত্যাদি।

প্রসঙ্গক্রমে ঐতিহাসিক বস্তুবাদী পদ্ধতির বৈশিষ্ট্য আলোচনায় আমরা দেখি, এই পদ্ধতিতে সমাজ ও ইতিহাসকে সূউমভাবে বিশ্লেষণ করে মার্কস-এঙ্গেলস বলেছেন, প্রাচীনকাল থেকে প্রচলিত সমস্ত সমাজের ইতিহাস আসলে শ্রেণি সংগ্রামের ইতিহাস। অর্থাৎ শ্রেণি বৈষম্য, বিদ্রমভাব শাসকের শোষণ সর্বদাই সমাজকে ক্ষতবিক্ষত করেছে। মার্কস এর মতে, আমাদের রীতি-নীতি, সংস্কৃতি এবং অতীতকে জানতে হলে সাধারণ শ্রেণির মানুষদের সংস্কৃতি ও ঐতিহ্যকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করতে হবে। তাদের ভাবনাকে বৈজ্ঞানিক, সমাজতাত্ত্বিক ও যুক্তিবাদী মানবীয় দৃষ্টিতে বিচার করতে হবে কারণ এর মধ্যে নিহিত আছে আমাদের সবার অতীত বৈপ্লবিক উত্তরাধিকার শক্তি।

বিশ্বের প্রত্যেকটি লোকসাহিত্যে আমরা দেখেছি যে এক বিশেষ শ্রেণির প্রতি চরম অসন্তোষ ক্ষোভ, জীবনের ব্যথা-বেদনা আর অভিমান তীব্র আক্রমণে বর্ণিত হয়েছে। কাহিনীতে সেইসব অত্যাচারী শ্রেণি সমাজের বা ব্যক্তির মৃত্যু ঘটিয়ে শোষিতরা চরম তৃপ্তি লাভ করেছে। শোষিতরা যেহেতু তুলনায় দুর্বল তাই প্রকাশ্যে বিদ্রোহ করা সম্ভব নয় বলে পরোক্ষ ক্ষোভ ব্যক্ত করেছে। লোককথাগুলিতে রূপকের আশ্রয় নেওয়ায় অত্যাচারীরা একে নিছক রূপকথা বা গল্প বলে মনে করলেও এই রূপকের অন্তরালে উদ্দীপ্ত রয়েছে শোষকের শাণিত বুদ্ধি এবং শত্রুর বিরুদ্ধে তীব্র ঘৃণা। উদাহরণ স্বরূপ বলা যায়, বিভিন্ন পশুকথা এবং রাক্ষসের গল্প এ ধরণের মোটিফে রচিত হয়েছে। ডিমাসাদের গল্পে বেশিরভাগই পশুকথা রয়েছে। যেগুলিতে দুর্বল পশু বা যন্ত জানোয়াররাই সবলের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে এবং একত্র হয়ে অত্যাচারী ও শক্তিশালীর বিপক্ষে সংগ্রাম ঘোষণা করেছে। রাক্ষস বা 'য়াওজমা'র গল্পও তাই। দুর্বল পশু ও মানুষরা মিলে সবল অত্যাচারী রাক্ষসকে পরাজিত করেছে। এসব গল্পে দেখানো হয়েছে যে, শারীরিক গঠনে তুচ্ছ বা ক্ষুদ্র হলেও এদের কাছে রয়েছে তীক্ষ্ণ ক্ষুরধার বুদ্ধি ও একতা। যার দরুন হার মানতে হয়েছে বলশালীকে।

উল্লেখ্য যে, ডিমাসাদের লোককথাগুলিতে বিশেষ করে 'পশুকথা'র সংখ্যা বেশি কারণ ডিমাসারা প্রাচীনকাল থেকেই পশু-পাখীদের সঙ্গে বসবাস এবং জীবিকা নিবাহি করে আসছেন। পার্বত্য অঞ্চলের তথা সমতলের বিভিন্ন পশুরা তাদের গল্পের প্রধান চরিত্র। এছাড়াও বিভিন্ন প্রবাদে এদের উল্লেখ রয়েছে। পশু-পাখীদের চরিত্র - স্বভাবের সঙ্গে তুলনামূলক উদ্ধৃতি দিয়ে পরোক্ষ মানুষের চরিত্রকে দর্শানো হয়েছে। যেমন -

(ক) 'সুবুংনে গারাও গামাংয়া, মাগুসানে বডুপ গামাংয়া'। অর্থাৎ মানুষের কথা অভাব হয় না, বাঁদরের জন্য গাছের অভাব হয় না।

(খ) 'ডাউখা বাইজাদা, মানডাপ মাইজিডা'। অর্থাৎ সকলের আগে উঠে কাক কিন্তু কাঠবিড়াল আগে খেতে পায়।

(গ) 'খরগা মাথাইনহি ঠুজায়া, খাংখাই খাজায়া-জুজায়া'। অর্থাৎ কচ্ছপ কখনও চিৎ হয়ে শুতে পারে না, আর কাকডাকে কখনও এক জায়গায় জড়ো করা যায় না। এরকম ডিমাসাদের অনেক প্রবাদ রয়েছে। যার মূল উদ্দেশ্য মটিফ সমাজকে সুসংবদ্ধ করা এবং মানুষের চরিত্রের পরিশোধন করা। সমুদয় ব্যঞ্জনা ছাড়াও উপদেশা বলি বা বচন ইত্যাদিও ডিমাসা প্রবাদের মূল বিষয়বস্তু। রসাস্বাদনই এসব প্রবাদের মূল লক্ষ্য হলেও হৃদয়, মস্তিষ্ক এবং বুদ্ধি এই তিন ধারায় প্রবাদ সৃষ্টি নির্ভর করে বলে সাহিত্য সমালোচকরা মন্তব্য করেছেন। অঞ্চল বিশেষে প্রবাদের ভাষা, অলঙ্কার ও শব্দ প্রয়োগ ভিন্ন ভিন্ন হলেও এগুলির ভাব-রস ও ব্যঞ্জনা এগুলোকে একসূত্রে আবদ্ধ করে রেখেছে।

ডিমাসা সমাজ কৃষি নির্ভর, তাই তাদের জীবনধারণের সমস্ত চাওয়া পাওয়া, আশা আকাঙ্ক্ষা, অভিজ্ঞতা, ভাবনা এবং জীবনোপলব্ধির নানা উৎকর্ষ এই কৃষিকে নিয়েই গঠিত। সুতরাং দৈনন্দিন - ব্যবহারিক জীবনের দ্বারা পরিপুষ্ট বিভিন্ন অভিজ্ঞতা তাদের প্রবাদে প্রতিফলিত হতে বাধ্য। সামাজিক-অর্থনৈতিক অবস্থা ছাড়াও প্রবাদে সমালোচিত হয়েছে মানুষের বিচিত্র স্বভাব ও চরিত্রের। সাধারণ জীবনে অভ্যস্ত, সরল স্বভাবের ডিমাসাদের প্রবাদে পরিলক্ষিত হয় না অতিশয়োক্তির প্রয়োগ, জটিল বয়ন এবং শব্দচয়নের কৃত্রিম প্রয়াস। তাদের প্রবাদের বর্ণনে ও রূপে ধরা পড়ে গ্রাম্য সরলতার সতেজ সবুজ রং। এবার আসছি ছড়ার

কপায়, ছড়া হচ্ছে শিশু জগতের সাধারণ সম্পত্তি। ছড়া যে নেহাত অপ্রাপ্তবয়স্ক শিশুদের মনোরঞ্জকের কারক নয় তা ইদানিং লোককৃষ্টির গবেষকরা বুঝতে পেরেছেন। ছড়ার বুনানে কিন্তু পরিণত মানুষের মনের ভাস্কর্য একাটি প্রতিফলিত হয়ে উঠে।

অনেকে ছড়াকে 'গরববিনী জননী'র আনন্দোচ্ছ্বাস' বলেই বর্ণনা করেছেন। বৃক্ষের পরিপূর্ণতা যেমন ফুল ও ফলের সৃষ্টিতে ঠিক তেমনি নারী জীবনের চরম সার্থকতা তার মাতৃত্বে। তাই অপূর্ণতায় মেহে সিক্ত ছড়া হলো বাৎসল্য রসের আধার। এগুলি রচনার পিছনে মায়েদের উদ্দেশ্য ছিল শিশুদেবতার মনোরঞ্জনকে পূজা করা। সোজন্য কোন রূপকথার গল্পে মায়েদের কোনো বিষাদ রূপের দর্শন মললেও ছড়ায় সেই মলিনতা আমরা খুঁজে পাই না। অন্যান্য সাহিত্যে ছড়ার ছড়াছড়ি থাকলেও ডিমাসাদের ছড়া তুলনামূলকভাবে কম। তার একটি যুক্তি আছে, ডিমাসারা যেহেতু কৃষিজীবী তাই তাদের দৈনন্দিন কাজকর্মে পুরুষদের সঙ্গে মহিলারাও সমানভাবে কাজে নিজেদের ব্যস্ত রাখেন। মহিলারাও ক্ষেতের কাজ, বনের কাজ, ঘরের কাজে সমানভাবে পারদর্শী। সুতরাং কোলের শিশুকে নিজের কোলে কিংবা পিঠে বেঁধে নিয়ে মা দৈনন্দিন কাজ করে থাকেন। এতে অনেক সময় আলাদা করে শিশুকে সান্তনা দেওয়া ও গুমপাড়ানোর দরকার হয় না। বরং মা কাজ করার সময় পিঠের দোলনিত্রে এবং মায়েদের বুকের উষ্ণ পরশে শিশু নিশ্চিন্তে ঘুমিয়ে পড়ে।

তবুও বলা যায়, ডিমাসাদের ছড়া যেগুলো রয়েছে সেগুলো প্রকৃত অর্থে অনবদ্য মেহের পরশে সিক্ত কখনও রোমাঞ্চকর, কখনও মনোমুগ্ধকর আবার কখনও বিষাদময় ভাবের ব্যঞ্জনা যুগে উঠেছে। এরকমের কয়েকটি ছড়ার উল্লেখ করেছি -

'য়েং য়েং মা বিরিংডু
মামা বাবা ফাইডিখা
মামা বাবা ফাইখাডে
চাইসুম বজো লাবুনাং
মাংস্পালাই বজো লাবুনাং
বাবাই হাসি বাবাইনাং
বামবাই হাসি বামবাইনাং
হাফাও ক্রহা খামরিনাং
ফব ডাইন জিনাং।
লুগুরাওনে খ্লেপসি
আনে খ্লেপসি
আজাং মামাংনে খ্লেপসি।'

অর্থাৎ য়েং য়েং শব্দে ঝাঁঝ পোকা ডাকছে (সন্ধ্যাকাল সন্ম)। মা-বাবার ক্ষেত থেকে ফিরে আসার সময় হয়েছে। মা-বাবা ফিরলে সঙ্গে করে কচি শশা আনবেন, কচি ভুট্টা আনবেন। অনেকক্ষণ পিঠে চড়াব, কোলে দোলাব। ছোট্ট টিলার উপরে বসে আমরা সেগুলো পব করে (কাটার শব্দ) কেটে খাব। বন্ধুদের দেবো এক টুকরো, আমার এক টুকরো, আর আমার ছোট ভাই/বোনকে দেবো দু'টুকরো।

ছড়াটিতে ডিমাসাদের সামাজিক ও প্রাত্যহিক জীবনের নিখুঁত ছবি ধরা পরেছে। সারাদিন মা-বাবার ফেরার অপেক্ষা এবং শেষে কিছু পাওয়ার আশা-আনন্দে শিশুর কোমল মনের প্রতিক্রিয়া আমরা বুঝতে পারছি। আবার সবাই মিলে ভাগ করে খাওয়ার যে আনন্দ তা ডিমাসাদের মধ্যে শিশুবয়স থেকেই উপলব্ধি করানোর উপায় ধরা পড়েছে ছড়াটিতে। অর্থনৈতিক জীবিকার কারণে মা-বাবা দু'জনকেই যখন বাড়ির বাইরে কাজে যেতে হতো তখন বাড়িতে থাকা শিশুটির দিদা-ঠাকুরমা অথবা বড়দাদা-দিদিরাই তাকে যে দেখাশুনা করতো তা বোঝা যাচ্ছে উপরিউক্ত ছড়া থেকে।

অন্য একটি ছড়া আছে যেখানে প্রচ্ছন্ন আছে ডিমাসাদের প্রাচীন একটি লোককথা -

'ও' ডাঙ্গিন, ও' ডাঙ্গিন
মারখু খাইসা লাবুদেই
জাবা ডাঙ্গিন লানিং।'^৪

অর্থাৎ ও চাঁদ, ও চাঁদ খুদ একটু এনে দাও, জুড়ে যাব। ক্ষত্রিয় জাতি ডিমাসাদের সবসময়ই কোন না কোন যুদ্ধ বিগ্রহে যেতে হতো। দেশ ও জাতির জন্য শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করাকে তারা কর্তব্য ও আধিকার বলে মনে করতো। উক্ত ছড়ায় শিশুবয়স থেকেই মা বা বড়রা শিশুদের যুদ্ধ সঙ্গন্দে আবহিত করান যাতে করে সে সাহসী বীর যোদ্ধা হয়ে উঠে। চাঁদের কাছে খুদ পাওয়া যায় কি করে, তা নিয়েই আমি ডিমাসাদের প্রাচীন লোককথার অবতারণা করছি। গল্প মতে, চাঁদ নাকি রোজ ঠাকুরমার ঘরের ছাদের পাশেই ঘুরঘুর করতো। একদিন ঠাকুরমা টেকিতে পান ভানছিলেন, পান ভানতে ভানতে হঠাৎ ঠাকুরমার হাতে থাকা লম্বা কুটো জোরে ছাদে গিয়ে লাগে। কুটোর ধাক্কায় চাঁদ উপরের দিকে ছিটকে যাওয়ার সময় (অনেকে বলে ভয়ে পালিয়ে যাওয়ার সময়) জোর টানে কুটো, পান ও টেকি সহ ঠাকুরমাও

চাঁদের মধো নাকে চলে যায়। (বাংলা প্রবাদে, টেকি স্বর্গে গিয়েও পান ভানে)। যা থেকে সাকুরমা আর নেমে আসতে পারেননি, সেখানেই রোজ পান ভানেন, আমরা পৃথিবী থেকে চাঁদে যেদাগ বা কলঙ্ক দেখতে পাই, তাকেই ডিমাসারা উঁদাকে দেখিয়ে বলেন 'ওই যে সাকুরমা পান ভানছেন।' অতএব যুদ্ধে যাওয়ার আগে চাঁদ বা পরোক্ষ সাকুরমার কাছে খুদ চাওয়া থেকেই পরে দীর্ঘ জীবনের কামনায় আশীর্বাদি চাওয়া বলেই আমার ধারণা। এবং খুদ ডিমাসাদের একটি বিশেষ প্রিয় খাদ্য।

এভাবে ডিমাসাদের বিভিন্ন প্রবীদ-ছড়া-গানে তাদের সহজ সরল জীবনের প্রতিচ্ছবি নির্মল ভাবের সরোবরে ফুটে উঠেছে। প্রসঙ্গক্রমে আমি ডিমাসাদের অতি বিখ্যাত লোককথা 'ডিশ্রুড়ি'র গল্পে প্রতিফলিত তৎকালীন ডিমাসা সমাজ ও সংস্কৃতির ইতিহাস খানিকটা আলোচনা করতে চাই। বর্তমান সংস্কৃতিচর্চার বহুল প্রচারে এবং লোকসাহিত্য লেখক ও গবেষকদের লিখিত (আঞ্চলিক ও ইংরেজি ভাষায়) কোন কোন গ্রন্থে আমরা সবাই 'ডিশ্রুড়ি'র গল্প পড়েছি। আর ডিমাসারা তো শৈশব থেকেই বড়দের কাছে গল্পটি শুনে থাকেন। উল্লেখ্য যে, 'ডিশ্রুড়ি'র কাহিনিকে ডিমাসারা প্রাচীন ইতিহাস বলে ফেলে রাখেন নি, এই কাহিনিকে তারা সত্য বলেই বিশ্বাস করেন। এই বিশ্বাসের পেছনে যুক্তি হয়তো আছে কারণ প্রাচীন অর্থনৈতিক ও সমাজতাত্ত্বিক ব্যবস্থার একটি জীবন্ত ছবি এর মধো ফুটে উঠেছে। তাছাড়া রাজন্য পরিবারবর্গ ও পরিষদের সঙ্গে ব্যক্তিমামুনের সংঘাত, প্রাচীন সংস্কারকে ধরে রাখার জন্য দৈব নিয়মের আশ্রয় গ্রহন ইত্যাদি খুবই সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে ধরা পড়েছে এই গল্পে। এ প্রসঙ্গে লোকসাহিত্য ও সংস্কৃতি গবেষক তুমার কান্তি নাথের বক্তব্য প্রণিধানযোগ্য - 'এ ধরণের রূপকথা থেকে আমরা সম্ভা-সংস্কৃতির ক্রমবিবর্তনের ধারাটি খুঁজে পেতে পারি। আর সমাজতত্ত্ব ও মনস্তত্ত্বের হারানো উৎসও পেতে পারি। লোককাহিনী যেহেতু ফোকলোরের সৃষ্টিমূলক একটি ভঙ্গ এবং সমাজের মর্মমূল থেকে উৎসারিত, তাই যে সমাজে তার লালন-সৃজন সেই সমাজ-সংস্কৃতির পরিবেশ-পরিষ্কৃতির প্রাসঙ্গিকতা ও অনিবার্যভাবে এছে পড়ে। এ প্রসঙ্গে সম্ভাব্য কিছু অনুমান এখানে তুলে ধরা যেতে পারে। কাহিনীটির রাজকন্যা 'ডিশ্রুকে' সমাজ ভাবনার প্রতীক হিসেবে গণ্য করা যায়। এই প্রতীকের উদ্ঘাটন ভিন্ন সমাজ-মননের পরিচয় পাওয়া সম্ভব নয়।'

ডিশ্রুড়ির কাহিনী যদিও আমাদের কাছে কিংবদন্তী স্বরূপ কিন্তু স্রষ্টারা এটিকে সাজিয়েছেন রূপকথার মতো। গ্রিক নাটক কিংবা রূপকথায় যেমন নিয়তি বা অদৃষ্ট কাহিনীর মোড় ঘুরিয়ে দেয়, ঠিক তেমনি এই গল্পটিও নিয়তি এক বিরাট ভূমিকা নিয়েছে। কাহিনিকে গতিশীল করে তুলতে অলৌকিক ঘটনা, জ্যোতিষীদের ভবিষ্যদ্বাণী, অভিশাপ, এগুলো যেন রূপকথার আধলেই গঠিত। এর মূল মোটিফ প্রাচীন বলে মনে হয় না কারণ সমাজে শিশুকন্যা হত্যা মধ্যযুগীয় কুসংস্কার।

কাহিনীতে আমরা দেখেছি জ্যোতিষী বা গণৎকারের ভবিষ্যদ্বাণী - 'পুত্র সন্তান হলে রাজ্য বৃদ্ধি হবে এবং কন্যা সন্তান হলে রাজ্যে অমঙ্গল হবে, রাজ্য অরণ্যে পরিণত হবে।' এই ভবিষ্যদ্বাণীর জন্য 'ডিশ্রু'র ভাগ্যে ঘটেছে নিষ্ঠুর পরিহাস। কন্যাসন্তান বলে 'ডিশ্রুকে' সমস্ত দুঃখ লাঞ্ছনা সহ্য করতে হয়েছে। এমনকি সুন্দরী যুবতী 'ডিশ্রুকে' পিতা স্বয়ং বিয়ে করতে চাওয়ার মধ্য দিয়ে তাকে জন্মাতার কাছেই অপমানিত হতে হয়েছে। রূপকথায় যেমন নায়ক-নায়িকা নিজের স্বার্থ বিসর্জন দিয়ে সমাজ বা ব্যক্তিকে কোন পাপকার্য করা থেকে অথবা বিপদ থেকে রক্ষা করেন তেমনি 'ডিশ্রু'ও সমস্ত কিছু বিসর্জন দিয়ে অর্থাৎ নিজ দেশ ও রাজ্য ত্যাগ করে পিতাকে পাপ কাজ করা থেকে বিরত করেছেন। এখানে গল্পকার দেখাতে চেয়েছেন পিতা ও কন্যার সম্পর্ক পবিত্র স্নেহের। আবার গল্পে আমরা দেখতে পাচ্ছি পিতার স্নেহ বঞ্চিত 'ডিশ্রু'র মনের মধো জমাট বেঁধেছে এক বিরাট ক্ষোভ। তার জন্যই পিতা জন্মদায়িনী মাকে 'পাথের কাটা' মনে করে পৃথিবী থেকে চিরতরে সরিয়ে দিয়েছেন। কামান্ড ও একগুঁয়ে স্বভাবের পিতার সবাবস্থানে থাকা 'ডিশ্রু'র আর কোনভাবেই সহ্য হয়নি। এখানে পুরুষশাসিত সমাজের কন্দর্প রূপ এবং অমানবিক বাসনার পূর্ণাঙ্গ একটি ছবি আমরা দেখতে পাই। সমাজে তখন বহুবিবাহ প্রথার প্রচলন ছিল। এবং রাজার সঙ্গে পাপ কার্যে দায়ী ছিল তার মন্ত্রী-আমলা এবং পরিষদবর্গ অর্থাৎ ঔপনিবেশিক পুরুষশাসিত সমাজের দৃঢ়বেষ্টনী। যাকে প্রতিহত করা কোন নারীর পক্ষে অসম্ভব মনে হলেও 'ডিশ্রু' করতে পেরেছিল তার প্রবল ইচ্ছাশক্তির জন্য।

দুঃখিনী 'ডিশ্রু'র অভিমানের চরম প্রকাশ ঘটেছে তার অভিশাপের মধ্য দিয়ে। স্বার্থপর, ভোগবাদী ও সুবিধেবাদের প্রতীক রাজা ('ডিশ্রু'র পিতা) ও তার পারিষদবর্গের মুখোশ খুলে ফেলেছেন গল্পকার খুবই নিখুঁতভাবে। আবার কিছু কিছু ভাল মানুষও যে তখন ছিল তারও পরিচয় পাওয়া যায় গল্পে, যারা দিশাহারা বা পথহারা 'ডিশ্রুকে' সঠিক পথের সন্ধান দিয়েছিল। 'ডিশ্রু' তার জন্মভূমি 'ডিমারাজি'র পরিচিত পথ-ঘাট ছেড়ে চলে যাওয়ার মধো ধরা পড়ে। ভোগবাদী, স্বার্থনৈমী সমাজের অব্যবস্থা, কুসংস্কারকে প্রত্যাখ্যান বা বর্জন করা। যদিও 'ডিশ্রু'র বিদায় ডিমাসাদের কাছে একটি বিষাদময় অধ্যায় তবুও ওই মুহূর্তটি তাদের কাছে চিরসমরণীয়। তার যাওয়া বড়ই দুঃখের হলেও গল্পকার আমাদের দৃষ্টি আকর্ষণ করে বলতে

চেয়েছেন যে বিশ্বের সমস্ত নারীজাতির প্রতীক ডিশ্চর এই দুঃখ গপ্তনা-লাপ্তনা ও অভিমানে
জন্য একমাত্র দায়ী মানবতাবোধ বর্জিত বর্বর সমাজব্যবস্থা।

ডিমাসা লোকসাহিত্যে বা ডিমাসাদের মধ্যে ডিশ্চরকে নিয়ে অনেক ছড়া আর গান বাঁপা
হয়েছে। যেগুলো অভিনব সুরলালিত্যে, ছন্দে ও নিজস্ব ভঙ্গিমায় আজও প্রতিটি ডিমাসাদের
মনে ভাব মুহূর্ত জাগায়। সত্যি বলতে কি, যেহেতু আমরা এই সমাজেই বাস করছি, সেহেতু
ডিশ্চর করুণ পরিণামের জন্য দায়ী আমরাও। আজও অনেক 'ডিশ্চর' নীরবে চোখের জল
ফেলছে। কারণ বর্তমান রাষ্ট্র ও সমাজ ব্যবস্থায় শিক্ষিত নারীরা তাদের অস্তিত্ব এবং অধিকার
সম্বন্ধে সচেতন হলেও সমাজের কিছু ক্ষেত্রে নারীর স্থান এখনও বদলাইনি। সে জায়গায়
আমাদের সচেতন ভাবনার অবকাশ রয়ে গেছে।

আলোচনার শেষে এটাই বলবো যে, ডিমাসা লোকসাহিত্যে এরকম প্রচুর উদাহরণ রয়েছে
যা থেকে তৎকালীন সমাজব্যবস্থা-রীতি-নীতি-ধর্মীয় সমস্কার সুন্দরভাবে ধরা পড়ে।
সময়াভাবে অনেক কিছুই আলোচনা তেকে বাদ পড়ে গেছে। তবে, গবেষকদের কাছে আরও
জানার একটা দাবি রাখতেই পারি। তাছাড়া বর্তমান প্রজন্মের কাছে আমার অনুরোধ,
লোকসাহিত্যে ও সংস্কৃতি আমাদের মূল পরিচয় সূত্রাং এর সুরক্ষা, পর্যবেক্ষণ ও সুসংরক্ষণে
যেন সবাই সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। আমাদের প্রাচীন সংস্কৃতি ইতিহাস জানা থেকে
বিবর্তিত থাকলে বা সংরক্ষণ না করলে হারিয়ে যাবে কালের গর্ভে, এতে উত্তর প্রজন্মের কাছে
দায়ী থাকবে কারা? ভবিষ্যৎ প্রজন্ম আলোকময় হবে কি না সেটা কেউই বলতে পারে না কিন্তু
কিছু দায়িত্ব কি আমাদের বতায় না? অবশ্য বর্তমানে যারা এই সুন্দর পথের দিশারী তাদের
কাজ ও নিষ্ঠার প্রতি থাকলো আমার পরম শ্রদ্ধা ও শুভেচ্ছা।

মা গেঙ্গা গিরিনী সারাওলা, মা গেঙ্গা গিরিনী

সিকরাওলা, ব্রানিং ডাংবুডি জিং মাইনাং, ব্রানিং

ডাওবুডি জিং ব্রিংনাং। - এই লোকগাথায় দেখি, প্রবজনে গঙ্গার অববাহিকা ছেড়ে ডলে
আসার দুঃখ এবং পিতৃ-মাতৃহারা ডিমাসাদের হারানো কৃষ্টি-সংস্কৃতি ঐতিহাসিক ফিরে
পেওয়ার সংশয় তাদের চিত্তকে দোলায়িত করেছে। সে দুঃখের ব্যথা-বেদনা কিংবা দায়ভার
থেকে এখনও ডিমাসারা মুক্ত হতে পারছেন না। সময়ের চক্রব্যূহে আমরা অনেক কিছু হারিয়েছি
ইতিহাস এর সাক্ষী, অস্তিত্বের সংকটে আমরা সবাই তারিত। তারপরেও আরও কিছু হারানো
অথবা ইতিহাসের পাতায় নিজেদের খোঁজার জন্য কি আমরা প্রস্তুত থাকবো, প্রশ্ন থাকলো।

তথ্য নিদেশিকা:

১. বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস; ড. বরুণ কুমার চক্রবর্তী: পুস্তক বিপণি: কলিকাতা:
২০০৩, পৃঃ ৫৬৮।

২. ডিমাসারাওনী মাদান্নী খীলীমঠাই: সোনারাম থাওছেন: মডিলাই(souvenir), নিঃ কঃ
হৈঃ বঙ্কুচুসপক্কতকপা ... "মর্গ সমিতি; ২০০৬, পৃঃ ৪।

৩. সাডীমা (sadeema): ডিমাসা সাহিত্য সভা: কাছাড় জিলা কমিটি: ২০০৯ ইং, পৃঃ ৪২
(ছড়া নং ৭)।

৪. তদেব: পৃঃ ৪১ (ছড়া নং-৩)।

৫. ডিমাসা সংস্কৃতির আভাস: তুষারকান্তি নাথ, ভাষা সংস্কৃতি আকাদেমি, অসম, হাফলং,
উত্তর কাছাড় পার্বত্য জেলা, ২০০৬ ইং, পৃঃ ৬৯-৭০।

(উক্ত আরটিকলের লেখক হলেন সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ,
জনতা কলেজ, কাবুগঞ্জ, কাছাড়, আসাম।)

---*****---

ডিমাছা ভাষা প্রসঙ্গে

তুষারকান্তি নাথ


১. আজকে যাদের আমরা ডিমাছা উপজাতি বলে জানি, ঐতিহাসিক ও নৃতত্ত্ববিদদের
মতে এরা ভোটব্রঙ্ক/তিব্বতব্রঙ্ক ইন্দো-মঙ্গোলীয় বোডো (Bodo) - দের একটি শাখা। মঙ্গোলীয়
মানবগোষ্ঠি আর্থ - ভারতের প্রাচীন সাহিত্যে 'কিরাত' নামে অভিহিত হয়েছে। ইন্দো-
মঙ্গোলীয় কিরাতদের (ভোটব্রঙ্ক/তিব্বতব্রঙ্ক ভাষাভাষীদের) প্রবজন সুপ্রাচীনকাল ধরে ধীরে

ধীরে সুদীর্ঘকাল পর্যন্ত হয়েছিল। ভোটব্রহ্ম ভাষাভাষী মানুষদের ভারতে প্রবেশ সম্পর্কে ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের একটি বক্তব্য আমরা এখানে উল্লেখ করতে পারি। তিনি বলেছেন, 'ভোট-চীন জাতির শাখা - ভোটব্রহ্ম, শ্যাম-চীন ও অন্যান্য। আহাদের আদি পিতৃভূমি ছিল তা Yang-kiang যাওংসে-কিয়াং নদীর উৎপত্তি-স্থলে। ইহারা খ্রিষ্টপূর্ব প্রথম সহস্রকের মাঝামাঝি ভারতের দিকে আসে এবং হিমালয় অতিক্রম করিয়া ভোট বা তিব্বত হইতে ইহাদের কতকগুলি দল ভারতে প্রবেশ করে; আবার ইহাদের অন্য কতকগুলি দল (বড় দল 'মেচ' শাখা) আসাম ব্রহ্মপুত্রের উপত্যকা দিয়া উত্তর ও পূর্ব-বঙ্গে উপনিবিষ্ট হয়। কোন সময়ে ইহাদের বঙ্গদেশে আগমন হয় তাহা নির্ধারণ করা কঠিন।... যাহা হউক, মনে হয় ভোট-ব্রহ্ম জাতির মানুষ বাঙ্গালার উত্তর ও পূর্ব সীমানায় এখন হইতে দুই হাজার বৎসরের পূর্বেই আসিয়াছিল'। ড. চট্টোপাধ্যায় সহ গবেষকদের অনেকেরই অভিমত হল বৃহত্তর বোড গোষ্ঠীর মানুষরা (আধুনিক বোডো, ডিমাছা, কোচ, রাভা, গারো, মেচ, টিপরা ইত্যাদি) হিমালয়ের ওপার থেকে ব্রহ্মপুত্র উপত্যকা ধরে উত্তরপূর্ব ভারত ও পূর্ব বঙ্গে ছড়িয়ে পড়েছিল। এদের ভাষা-সংস্কৃতির মধ্যেও বেশ ঘনিষ্ঠ সাদৃশ্য লক্ষ্য করা যায়।

ডিমাছা উপজাতি গোষ্ঠি যে আসামের অন্যতম প্রাচীন অধিবাসী তাতে ঐতিহাসিকদের মধ্যে দ্বিমত নেই। ডিমাছাদের 'মৌখিক প্রবৃত্তি' অর্থাৎ সৃষ্টি বিষয়ক লোকপূরণ, লোকগাণ, লোকপ্রবাদ, লোকছড়া ইত্যাদির সূত্র ধরে সাম্প্রতিক গবেষণায় এ কথা বেরিয়ে আসছে যে, সুপ্রাচীনকালে ডিমাছারা গাঙ্গেয় নিম্নবঙ্গে রাজ্যগঠন করেছিলেন এবং তারা ছিলেন গঙ্গারিষি রাষ্ট্র ও সভ্যতার অন্যতম অংশীদার। 'ডিমাছা' মানে বৃহৎ নদীর সন্তান (ডি=জল/নদী; মা = বৃহৎ; ছা = সন্তান/ অধিবাসী)। এই অর্থে ব্রহ্মপুত্র নদের তীরবর্তী অঞ্চলে ডিমাছাদের রাষ্ট্র ও সমাজ-সংস্কৃতির বিকাশ নায়ে প্রচলিত একটি ধারণাকে খণ্ডন করেছেন পণ্ডিত যতীন্দ্রলাল থাওসেন। তিনি তাঁর 'ডিমাছা জাতির উৎস সন্ধান' বইতে গঙ্গা-সরস্বতীর অববাহিকা অঞ্চলে ডিমাছাদের শেকড় সন্ধান করেছেন এবং দেখিয়েছেন গঙ্গা তীরবর্তী অঞ্চলেই এক সমৃদ্ধিশালী নদী-সংস্কৃতির আবেষ্টনীতে ডিমাছাদের বেড়ে ওঠার ইতিহাস। ডিমাছাদের লোকঐতিহ্য মহাভারতের কাল থেকে প্রবাহমান। মহাভারতীয় ঐতিহ্য অনুসারে ডিমাছারা নিজেদের ভীম-হিড়িম্বার পুত্র ঘটোৎকচের বংশধর বলে পরিচয় দেন এবং এতে গর্ববোধও করেন। এমনকি ডিমাছা রাজারাও 'হিড়িম্বেশ্বর/হেড়ম্বাধীশ্বর' উপাধি গ্রহণ করেছিলেন। এ সবার লিপিসাক্ষ্য রয়েছে। রাজমালাতে তাঁদের বংশের প্রথম নৃপতি হিসেবে ঘটোৎকচের নাম রয়েছে। 'হিড়িম্বাছা' (হিড়িম্বার সন্তান) থেকে 'ডিমাছা' কালক্রমে 'ডিমাছা' শব্দের ব্যুৎপত্তি বলে অনেকে মনে করেন। ডিমাছা রাজারা একদা কামরূপ-প্রাগজ্যোতিষপুরেও রাজত্ব করতেন, এ বিষয়েও পণ্ডিতদের মধ্যে মতভেদ নেই। তবে তাঁদের কামরূপ-প্রাগজ্যোতিষপুর ত্যাগের কারণ এখনও রহস্যাবৃত। অবশ্য আহোমদের আসাম আগমনের (খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকের প্রথমার্ধ) বহু আগেই ব্রহ্মপুত্রের দক্ষিণ তীরে ডিমাপুরে হেড়ম্ব রাজ্যের রাজধানী স্থাপন করেন। সোনারাম থাওসেন লোকসাহিত্যের ওপর ভিত্তি করে অনুমান করেন যে, ১০৮৬ খ্রিষ্টাব্দে ডিমাপুরে রাজধানী স্থাপিত হয়। এখানে রাজধানী ছিল ১৫৩৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত। আহোম আক্রমণের পরিপ্রেক্ষিতে রাজ্যের রাজধানী স্থানান্তরিত হয় উত্তরকাছাড় পার্বত্য এলাকার মাইবাঙে। আহোম উৎপীড়নে মাইবাং থেকেও আবার রাজধানী সমতল কাছাড়ের খাছপুরে স্থানান্তরিত হয়। শেষ রাজা গোবিন্দচন্দ্র নারায়ণ ১৮৩০ খ্রিষ্টাব্দে আততায়ীর হাতে নিহত হন। অবসান ঘটে হেড়ম্ব রাজ্যের।

২. ডিমাছারা উত্তরকাছাড় পার্বত্য জেলায় (ডিমাছাও) সংখ্যাগরিষ্ঠ উপজাতি। এছাড়া তাদের বসবাস রয়েছে আসামের নগাঁও, কার্বিআংলং, কাছাড় এবং নাগাল্যান্ডের ডিমাপুর ও ধনশিরি এলাকায়। ঐতিহাসিক কারণে আসাম ও নাগাল্যান্ডের বিভিন্ন অংশে বশতি স্থাপনের ফলে ডিমাছারা পরস্পর থেকে বিচ্ছিন্ন অবস্থায় পড়ে আছে। পরিবেশগত ও ভৌগোলিক বিচ্ছিন্নতার জন্য তাদের কথাভাষাতে কমবেশি পার্থক্য লক্ষ্য করা যায়।

ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় ভোট-চীনীয় ভাষাবর্গের বংশতালিকা প্রণয়ন করেছেন এভাবে:



অন্যত্রও তিনি কোচ, মেচ, রাভা, গারো, ডিমাছা, টিপরা (ককবরক) ইত্যাদি ভাষাকে 'বোডো গ্রুপ'-এর ভাষা বলে চিহ্নিত করেছেন, বাংলা ভাষার ভৌগোলিক অবস্থিতি প্রসঙ্গে লিখেছেন, "To the north-east, Bengali meets dialects of the Bodo group: Bodo (Bara) or Kacari (also known as Koc, Mec, Rabha), Garo, and Dimasa, as well as Mrung or Tripura." বস্তুত উত্তরপূর্ব ভারতের তিববতব্রহ্ম ভাষাবর্গের আন্তর-সম্পর্ক নির্ধারণ করা এক দুরূহ কাজ। কারণ, এদের অনেকগুলি উপভাষাই এখনও লিপিবদ্ধ হয়নি। তিববতব্রহ্ম ভাষাবর্গ সম্পর্কে H.A. Gleason লিখেছেন, "The most extensive language family in eastern Asia is the Sino-Tibetan. It may be considered as containing two branches, Tibeto-Burman and Chinese. Tibetan, spoken not only in Tibet proper but also in many areas around the borders, and Burmese, the language of the dominant people in Burma, are the two largest language in the Tibeto-Burman branch. The mountainous regions lying between those two language areas in India, Pakistan, and Burma are occupied by peoples speaking a very wide variety of mostly Tibeto-Burman languages. This area is linguistically one of the most diversified in the world, and it is, as yet, very difficult to get a clear picture of the interrelationships of the numerous languages and dialects. Garo, Bodo, the Naga languages, and the Kuki-Chin languages belong to this branch."

এবার বোডো, ডিমাছা ও ককবরক (টিপরা) - এর ওপর দৃষ্টিপাত করা যাক। দিখা যাবে এই তিনটি ভাষা ভগিনী স্থানীয়। অর্থাৎ তিনটি ভাষাই ছিল মূলত এক। ঐতিহাসিক কারণে বোডো জনগোষ্ঠী পরস্পর বিচ্ছিন্ন হওয়ার ফলে কালক্রমে তেদের ভাষাও পৃথক পৃথক রূপে আত্মপ্রকাশ করেছে। অন্যভাবে বলা যায় যে, বোডো-ডিমাছা-ককবরকের পরস্পর বিচ্ছিন্নতার জন্য ভৌগোলিক পরিস্থিতিই মূলত দায়ী। বহু বোডো জনগোষ্ঠীর যারা ডিমাপুরে (পরে উত্তর কাছাড়ের মাইবাং ও কাছাড়ের খাসপুর) হেডম্ব রাজ্য স্থাপন করেন তারাই 'ডিমাছা' (ভাষানামও ডিমাছা), যারা সমতল কাছাড়ে এসে 'ত্রিপুরা' রাজ্যগঠন প্রক্রিয়া (আনুমানিক খ্রিষ্টীয় পঞ্চম শতক) শুরু করেন তারাই 'তিপ্রা/টিপরা/ত্রিপুরী' (ভাষা নাম ককবরক) নামে অভিহিত হন। নব্যভারতীয় আর্থভাষার বাংলার সঙ্গে অসমীয়া ও ওড়িয়ার সম্পর্ক অত্যন্ত নিবিড়। আদিতে এই তিনটি ছিল একই ভাষা। কালক্রমে পরস্পর বিচ্ছিন্ন হয়ে পৃথক পৃথক রূপ লাভ করে। এই একই প্রক্রিয়া ঘটেছে বোডো-ককবরক-ডিমাছা ভাষার ক্ষেত্রেও।

৩. ভাষার বংশানুগত শ্রেণীবিভাগ (Genealogical Classification) ব্যাপারটি জটিল এবং কোনও ভাষার শ্রেণীবিভাগ বিষয়ে পণ্ডিতেরাও ঐক্যমতে পৌছাতে পারেননি। তবে ব্যাকরণের সাম্য এবং শব্দকোষে ঐক্য থেকেই ভাষার গোত্র নির্ণয় সম্ভব। এ প্রকো ড. সুকুমার সেনের মন্তব্য প্রণিপাতনোগ্য: 'একই পর্যায়ের কিংবা স্তরের বিভিন্ন ভাষার মধ্যে যদি শব্দকোষে যথেষ্ট সাম্য এবং ব্যাকরণে যথোপযুক্ত মিল দেখা যায়, অথবা একাধিক ভাষায় পূর্বতন রূপ যদি একই প্রকারের হয়, তবে সেই ভাষার মধ্যে মৌলিক সর্ক থাকিবেই। ইহা ভাষাবিজ্ঞানের একটি স্বতঃসিদ্ধ সিদ্ধান্তসূত্র।' এই সূত্র অনুযায়ী আমরা বোডো, ককবরক ও ডিমাছা শব্দভাণ্ডারের তালিকা তুলে পরব, তাতে এই তিনটি ভাষার সাদৃশ্যগত দিক অতি সহজেই ধরা পড়বে।

